

বাঁকুড়ার ঘোড়া

আজ ঘাড় উঁচু করে দাঁড়িয়েছে  
উৎকর্গ স্বভাবে  
শিল্পের মহিমা  
মুখের লাগামে প্রতিবাদ  
পায়ের তলায় বিদ্যুৎ

লালমাটির দেশ থেকে  
কলকাতা - দিল্লি - মুম্বাই পেরিয়ে  
আরও দূরে  
ভল্‌গা - রাইন - অ্যান্ডন কিংবা মিচিগান অঞ্চলে  
বহুতলা বাড়িতে লাফিয়ে ওঠে  
কিলিমাঞ্জারো শৃঙ্গ ডিঙিয়ে  
দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্রোষীদের নাকাল করে --  
তার হেঁসায় জাগে শহিদ বেঞ্জামিন বা নেলসান মাণ্ডেলার গান!  
আবার, আমাজনের অরণ্য পেরিয়ে  
প্যারিসের ল্যুভর্ ছুঁয়ে  
বার্চ - পাইনের জঙ্গলে  
মহীনের ঘোড়া হয়ে  
নীরব নীলাভ জ্যোৎস্নায়  
কলোরডোর পাথুরে প্রান্তরে ছোটো  
কিংবা, প্রেইরির ঘাস খায় রোজ---

লোকায়ত ভাবনায় যামিনী -- রামকিঙ্করের করে নাকি খোঁজ?

শান্তি সিংহ

